

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৮

জুন ১৭, ২০১৫
তারিখ : -----
আষাঢ় ৩, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

মাতৃত্বকালীন ছুটির সময়ে নারী কর্মকর্তা/কর্মচারীদের কর্ম মূল্যায়ন প্রসঙ্গে।

মাতৃত্বকালীন ছুটি বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০১, তারিখঃ মার্চ ২৮, ২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত জানুয়ারি ০৯, ২০১১ তারিখের এস.আর.ও নং-০৫/নথি নং-০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/আইন/২০১১ এর আলোকে আপনাদের ব্যাংকে কর্মরত মহিলা কর্মকর্তা/কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটির মেয়াদ ৬ (ছয়) মাসে উন্নীতকরণের বিষয়টি ব্যাংকের মানব সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালায় অন্তর্ভুক্ত করার নির্দেশ প্রদান করা হয়।

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। জাতীয় অর্থনৈতিক উন্নয়নে নারীর অবদান অনস্বীকার্য। বাংলাদেশ সরকার নারীর উন্নয়ন ও ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে। ফলে নারী শিক্ষাসহ নারী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে সাফল্য অর্জিত হয়েছে। বিভিন্ন পেশাতে নারীর অংশগ্রহণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে এবং ব্যাংকিং খাতেও নারীর অংশগ্রহণ উল্লেখযোগ্য। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, মাতৃত্বকালীন ছুটিতে থাকার কারণে অনেক সময় ব্যাংকে কর্মরত নারী কর্মকর্তা/কর্মচারীদের কর্মের প্রকৃত ও যথার্থ মূল্যায়ন করা হয় না, যা নারীর উন্নয়ন, অগ্রগতি ও ক্ষমতায়নের পথে অন্তরায়।

এ প্রেক্ষিতে, আপনাদের ব্যাংকে কর্মরত নারী কর্মকর্তা/কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটি ভোগের বছরে তাঁদের বার্ষিক কর্ম মূল্যায়নের ক্ষেত্রে পূর্ববর্তী বছর বা পূর্ববর্তী তিন বছরের গড় (যেটি উত্তম) বিবেচনায় নেয়ার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(রূপ রতন পাইন)

উপমহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৩৩৬